

ডেন্টাল ভর্তি পরীক্ষা দিল ৩৭ হাজার শিক্ষার্থী

নিম্নস্বর্ণ বার্তা পরিবেশক

: শুক্রবার, ০৫ মে ২০২৩



দেশের সরকারি-বেসরকারি ডেন্টাল কলেজে (বিডিএস) প্রথমবর্ষের (২০২২-২৩ শিক্ষাবর্ষ) ভর্তি পরীক্ষা শেষ হয়েছে। শুক্রবার (৫ মে) সকাল ১০টায় শুরু হয়ে এ ভর্তি পরীক্ষা শেষ হয় বেলা ১১টায়।

স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর সূত্রে জানা গেছে, এ বছর ডেন্টালে ভর্তির জন্য ৩৭ হাজার ৫২৮ জন শিক্ষার্থী আবেদন করেছেন। সরকারি ডেন্টাল কলেজ ও ডেন্টাল ইউনিটে মোট আসন রয়েছে ৫৪৫টি। সেই হিসাবে আবেদনের সংখ্যা অনুযায়ী, এবার প্রতিটি আসনের বিপরীতে ৬৮ জন শিক্ষার্থী প্রতিযোগিতা করেছেন। তবে, ২৬টি বেসরকারি ডেন্টাল কলেজ ও ইউনিটে আসন রয়েছে ১ হাজার ৪০৫টি। সব মিলিয়ে মোট আসন সংখ্যা ১ হাজার ৯৫০টি।

এক ঘণ্টার পরীক্ষায় ১০০ নম্বরের ১০০টি এমসিকিউ প্রশ্ন ছিলো। লিখিত পরীক্ষায় বিষয়ভিত্তিক নম্বরবিন্যাস, জীববিজ্ঞান ৩০, রসায়নবিদ্যা ২৫, পদার্থবিদ্যা ২০, ইংরেজি ১৫ এবং সাধারণ জ্ঞান (বাংলাদেশের ইতিহাস ও মুক্তিযুদ্ধ) ১০। লিখিত পরীক্ষায় প্রতিটি ভুল উত্তরের জন্য দশমিক ২৫ নম্বর কাটা যাবে। পরীক্ষায় ৪০ নম্বরের কম পাওয়া প্রার্থীরা অকৃতকার্য বলে গণ্য হবেন।

এর আগে, গত ২৮ মার্চ দেশজুড়ে সরকারি-বেসরকারি ডেন্টাল কলেজ ও ডেন্টাল ইউনিটের ২০২২-২৩ শিক্ষাবর্ষের ভর্তি আবেদন শুরু হয়।